# প্রমাণক-১.১. নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী ।

শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
**বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম**
চিড়িয়াখানা রোড, মিরপুর-১
ঢাকা-১২১৬
www.bnh.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

নং-২২.০৫.০০০০.০০২.১১.০০১.২০-

তারিখ : ১৭ আগস্ট ২০২১ খ্রি. ।

সভার নোটিশ

বিষয় : **জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বিষযক নৈতিকতা কমিটির সভা ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের নিমিত্ত সংশ্লিষ্ট কাজের অগ্রগতি পর্যালোচনা করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নৈতিকতা কমিটির এক সভা আগামী ২৩ আগস্ট ২০২১ রোজ সোমবার সকাল ১১.৩০ ঘটিকায় কমিটির আহবায়ক ও পরিচালক, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম এর সভাপতিত্বে তাঁর কক্ষে (কক্ষ নং-২০১) অনুষ্ঠিত হবে ।

২। উক্ত সভায় নৈতিকতা কমিটির সকল সদস্যকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো ।

১৭.৮.২০২১
খন্দকার কামরুল ইসলাম
উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা
বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম
ফোন : ৫৮০৫৩৬৪৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল :

১। জনাব পরিমল সিংহ, পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম
২। ড. সরদার নাসির উদ্দিন, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম
৩। ড. মাহবুবা সুলতানা, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম
৪। জনাব মোহাম্মদ রাশেদুল হাকিম, প্রোগ্রামার, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম

শেখ হাসিনার নির্দেশ

জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম
এথনোবোটানী ও ইকোনমিক শাখা

মুজিব শতবর্ষ MUJIB 100

বিষয়ঃ বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ এর আওতায় নৈতিকতা বিষয়ক কমিটির প্রথম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | পরিমল সিংহ<br>পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ২৩ আগস্ট ২০২১ খ্রিঃ |
| সভার সময় | সকাল ১১.৩০ ঘটিকা |
| স্থান | পরিচালকের কক্ষ (কক্ষ নং ২০১), বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম |
| উপস্থিতি | উপস্থিতির তালিকা পরিশিষ্ট-"ক" । |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে নৈতিকতা কমিটির সদস্য সচিব উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা খন্দকার কামরুল ইসলাম বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের ২০২১-২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সভাকে অবহিত করেন। শুদ্ধাচার বিষয়ে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে সবার সার্বিক সহযোগিতা কামনা করেন। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মাহবুবা সুলতানা আলোচনায় অংশ নিয়ে হারবেরিয়ামে আগত সেবা গ্রহীতাদের (গবেষক/ ছাত্র-ছাত্রী) আবেদন ফরমটি যাতে আরো সহজীকরণ করা হয় সে ব্যাপারে অনুরোধ করেন । আলোচনায় অংশ নিয়ে উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মোহাম্মদ ছায়েদুর রহমান জানান, চলমান কোভিড পরিস্থিতির সময়েও ২০২১-২২ অর্থ বছরের উদ্ভিদ নমুনা সংগ্রহের লক্ষ্যমাত্রা যাতে অর্জন করা সম্ভব হয় এ ব্যাপারে বৈজ্ঞানিক কর্মকর্তাদের আন্তরিকতার সহিত দায়িত্ব পালনে অনুরোধ জানান। বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব মোহাম্মদ এমদাদুল হক, হারবেরিয়াম হতে সেবা গ্রহীতাদের চাহিদা মোতাবেক মোবাইল বার্তা এবং ই-মেইলের মাধ্যমে প্রেরিত সেবা প্রমাণক হিসাবে সংরক্ষন করার জন্য সভাকে অবহিত করেন। বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণে একমত হন।

০২। সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

সিদ্ধান্ত -১ : চলমান কোভিড পরিস্থিতির মধ্যেও উদ্ভিদ নমুনা সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। আগামী ৭ (সাত)দিনের মধ্যে এ অর্থবছরের সমন্বিত কর্মপরিকপনা (বৈজ্ঞানিক কর্মকর্তাগণ কর্তৃক পারস্পরিক আলোচনা করে) দাখিল করবেন। কর্মপরিকল্পনা বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

সিদ্ধান্ত -২ : হারবেরিয়ামের সেবা গ্রহীতাদের (গবেষক/ ছাত্র-ছাত্রী) আবেদন ফরম সহজীকরণ করা । তথ্য প্রদানকারী কর্মকর্তা হিসাবে উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মাহবুবা সুলতানা আগামী ৭ (সাত)দিনের মধ্যে সহজীকরণ ফরমের খসড়া দাখিল করবেন।

সিদ্ধান্ত -৩: মোবাইল বার্তা এবং ই-মেইলের মাধ্যমে প্রেরিত সেবাসমূহ প্রমাণক হিসাবে বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব মোহাম্মদ এমদাদুল হক কর্তৃক সংরক্ষন নিশ্চিত করা।

০৩। হারবেরিয়ামের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২২ শতভাগ বাস্তবায়নে নিজ নিজ দায়িত্ব নির্ধারিত সময়ের মধ্যে সঠিকভাবে সম্পন্ন করার জন্য সবাইকে আন্তরিক হওয়ার অনুরোধ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

পরিমল সিংহ
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ২২.০৫.০০০০.০০৮.০৬.০০১.২১.৬

তারিখ: ১১ ভাদ্র ১৪২৮
২৬ আগস্ট ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, গবেষণা ও পরিকল্পনা বিভাগ, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম
২) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (রুটিন দায়িত্ব), ডাইকট শাখা, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম
৩) প্রোগ্রামার, ডকুমেন্টেশন শাখা, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম
৪) উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন ও অর্থ বিভাগ, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম
৫) সহকারী পরিচালক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন শাখা, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম

খন্দকার কামরুল ইসলাম
উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (রুটিন দায়িত্ব)

পরিশিষ্ট 'ক'

পরিশিষ্ট 'ক'

## শুদ্ধাচার কার্যক্রম বিষয়ক নৈতিকতা কমিটির সভায় উপস্থিতির তালিকা

তারিখ: ২৩ আগস্ট, ২০২১ খ্রি.

সময়: সকাল ১১:৩০ ঘটিকা

স্থান: কক্ষ নং: ১০১, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম।

| ক্রম | নাম ও পদবী | মোবাইল ও ইমেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | ড. মাহবুবা সুলতানা<br>ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | mahbuba9471@gmail.com<br>01935804886 | |
| ২. | ড. মোহাম্মদ সায়েদুর রহমান<br>ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | sayedur.rahman@gmail.com<br>01749196353 | |
| ৩. | মাহমুদা আখতার<br>ঊর্ধ্বতন আর্টিস্ট কাম ইলাস্ট্রেটর | mahmudaakhter814@gmail.com<br>01726787878 | |
| ৪. | মোহাম্মদ রাশেদুল হাকিম<br>প্রোগ্রামার | rashedulhakim@yahoo.com<br>01552380999 | |
| ৫. | মোহাম্মদ রাশিদুল ইসলাম<br>ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | rashidul.islam@gmail.com | |
| ৬. | মোহাম্মদ এমদাদুল হক<br>বৈজ্ঞানিক কর্মকর্তা | akruyahh1987@gmail.co | 23.08.21 |
| | | | |